# যুবদল নেতা ফখরুল হত্যার অভিযুক্ত শুটার কাটাপ্পা গ্রেপ্তার




শুটার ইব্রাহিম ওরফে কাটাপ্পা। ছবি: সংগৃহীত

খুলনার রূপসায় চাঞ্চল্যকর যুবদল কর্মী ফখরুল ইসলাম হত্যা মামলার প্রধান অভিযুক্ত ইব্রাহিম ওরফে 'কাটাপ্পা'কে গ্রেপ্তার করেছে র‍্যাব-৬। শনিবার (১৫ আগস্ট) রাত ৩টার দিকে যশোর সদর থানার সীতারামপুর এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়।

র‍্যাবের প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ১২ আগস্ট রাতে মেসার্স রূপসা ব্রিকসের কার্যালয়ে অবস্থান করছিলেন ফখরুল ইসলাম। এ সময় কয়েকজন দুর্বৃত্ত তাকে লক্ষ্য করে এলোপাতাড়ি গুলি ছোড়ে। গুলিবিদ্ধ হয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। এ ঘটনায় নিহতের ভাই ফরহাদ হোসেন বাদী হয়ে অজ্ঞাতনামা ব্যক্তিদের আসামি করে রূপসা থানায় মামলা করেন।

ঘটনার পর পুলিশের পাশাপাশি র‍্যাবও ছায়া তদন্ত শুরু করে। পরে গোপন সংবাদের ভিত্তিতে খুলনা র‍্যাব-৬ ও সিপিসি-৩ যশোর ক্যাম্পের যৌথ দল অভিযান চালিয়ে মামলার প্রধান অভিযুক্ত ও কথিত শুটার ইব্রাহিম ওরফে কাটাপ্পাকে গ্রেপ্তার করে।

LENS ASIA

র‍্যাব জানায়, প্রাথমিক জিজ্ঞাসাবাদে ইব্রাহিম হত্যাকাণ্ডে নিজের সম্পৃক্ততার কথা স্বীকার করেছেন। ঘটনার সময় পিস্তল দিয়ে ফখরুল ইসলামকে গুলি করার কথাও তিনি জানিয়েছেন বলে দাবি করেছে র‍্যাব।

গ্রেপ্তার ইব্রাহিমের বিরুদ্ধে পরবর্তী আইনগত ব্যবস্থা নিতে তাকে রূপসা থানায় হস্তান্তর করা হয়েছে। হত্যাকাণ্ডে জড়িত অন্যদের গ্রেপ্তারে র‍্যাবের অভিযান অব্যাহত রয়েছে।